

চট্টগ্রাম কাস্টমস্ এজেন্টস্ এসোসিয়েশন

CHATTOGRAM CUSTOMS AGENTS ASSOCIATION

সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আছাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম-৪১০০

প্রচার পত্র নং ৩০/২০২২
সম্মানিত সদস্যবৃন্দের প্রতি,

তারিখঃ ২৩/০৬/২০২২খ্রিঃ

চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, পরিচালক (নিরাপত্তা) এর দপ্তর, অফিস আদেশ নং- ১৮.০৪.০০০০.১৩২.১৮.০০৭.১৬/৭৩৭
তারিখঃ ২০/০৬/২০২২ খ্রিঃ সম্মানিত সদস্যবৃন্দের অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে আদেশক্রমে প্রচার করা হলো।


মোঃ মিজানুর রহমান
সচিব

চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ পরিচালক (নিরাপত্তা) এর দপ্তর

নথি নং- ১৮.০৪.০০০০.১৩২.১৮.০০৭.১৬/৭৩৭

তারিখ-২০/০৬/২০২২খ্রিঃ

বিষয়ঃ বন্দর ব্যবহারকারী হিসেবে বিভিন্ন এসোসিয়েশন, সিএন্ডএফ এজেন্টস্ এসোসিয়েশন এবং কর্মচারী ইউনিয়ন, সকল বার্থ অপারেটর ও সরকারী/আধা সরকারী/স্বায়ত্বশাসিত/বেসরকারী প্রতিষ্ঠানসহ এতদসংশ্লিষ্ট অন্যান্য প্রতিষ্ঠানে কর্মরত কর্মকর্তা/কর্মচারী/শ্রমিকদের হালনাগাদ নামীয় তালিকা প্রেরণ প্রসঙ্গে।

সূত্রঃ

ক। KPI (Key Point Installation) নীতিমালা-২০১৩ (Clause-4.4 & 5.3.1)

খ। International Ship & Port Facility Security (ISPS) Code-2004

গ। Protection of Port (Special Measure Act-1948) & (Entry into Protected Area) Rules (1968)

- উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, চট্টগ্রাম বন্দর একটি প্রথম 'ক' শ্রেণীর KPI এবং ISPS Code অনুসরণকারী আন্তর্জাতিক সমুদ্র বন্দর বিধায় KPI Instruction ও ISPS Code অনুযায়ী চট্টগ্রাম বন্দরের নিরাপত্তা কার্যক্রম পরিচালিত হচ্ছে। ফলে ISPS Code অনুযায়ী বন্দর ব্যবহারকারী হিসেবে বিভিন্ন এসোসিয়েশন, সিএন্ডএফ এজেন্টস্ এসোসিয়েশন এবং কর্মচারী ইউনিয়ন, সকল বার্থ অপারেটর ও সরকারী/আধা সরকারী/স্বায়ত্বশাসিত/বেসরকারী প্রতিষ্ঠানসহ এতদসংশ্লিষ্ট অন্যান্য প্রতিষ্ঠানে কর্মরত কর্মকর্তা/কর্মচারী/শ্রমিকদের ডাটাবেজ হালনাগাদ করণের বাধ্যবাধকতা রয়েছে।
- এমতাবস্থায়, যে সকল কর্মকর্তা/কর্মচারী/শ্রমিক আপনাদের প্রতিষ্ঠানে বর্তমানে কর্মরত নেই তাদের ডাটাবেজ বাতিলের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের লক্ষ্যে বর্তমানে সক্রিয় কর্মকর্তা/কর্মচারী/শ্রমিকদের এন্ট্রি পাশসহ নামীয় তালিকা আগামী ১৫ (পনের) কার্যদিবসের মধ্যে অত্র দপ্তরে প্রেরণের অনুরোধ করা গেল।
- অবগতি ও পরবর্তী কার্যক্রমের জন্য প্রেরণ করা হলো।

স্বাঃ/-
পরিচালক (নিরাপত্তা)
চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ